**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের জনগণকে জল সংরক্ষণের কাজে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন |**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, হোলি বা বসন্ত** উৎসবের **মধ্য দিয়ে কৃষ্টি সংস্কৃতি পরম্পরা রক্ষা করতে হবে |**

**(৩) কেন্দ্রীয় সরকার মাতৃভাষার মধ্যমে** চিকিৎসা **বিদ্যার অধ্যয়নের সুযোগ করে দিয়েছেন বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী |**

**(৪) রাজ্য দাবা সংস্থা আয়োজিত 'চেস ফর এভরিওয়ান' ফিডে রেটিং দাবা প্রতিযোগিতায় মেহেকদ্বীপ গোপ অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছেন।**

*******************************************

**Maan Ki Baat:**

দেশের বস্ত্র বর্জ্য মোকাবেলার বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গুরুত্ব আরোপ করেছেন| আজ মন কি বাত এর ১২০ তম পর্বে উদ্বেগ প্রধানমন্ত্রী উদ্যোগ প্রকাশ করে বলেন যে ভারত বিশ্বের তৃতীয় দেশ যেখানে সর্বাধিক বস্ত্র বর্জ্য পাওয়া যায়। প্রধানমন্ত্রী হরিয়ানার পানিপথের উল্লেখ করে বলেন যে পানিপথ বস্ত্র বর্জ্য পুনর্ব্যবহারযোগ্য করে তোলার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য হাব হিসেবে পরিগণিত হচ্ছে। কিছু কিছু এনজিও পুরনো বস্ত্র সংগ্রহ করে ব্যবহারযোগ্য করে দরিদ্রদের মধ্যে বন্টন করছে।

প্রধানমন্ত্রী জল সংরক্ষণের বিষয়ে গুরুত্ব আরোপ করে বলেন গত সাত আট বছরে ১১ বিলিয়ন কিউবিক মিটারের বেশি জল সংরক্ষণ করার ব্যবস্থা করা সম্ভব হয়েছে এর জন্য তিনি দেশবাসীকে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী দেশের জনগণকে জল সংরক্ষণের কাজে এগিয়ে আসার আহ্বান জানান।

#########Byte PM Maan Ki Baat###########

প্রধানমন্ত্রী জনগণের প্রতি আবেদন করেন যাতে তারা যোগব্যায়াম কে নিজেদের জীবনে অন্তর্গত করেন। প্রধানমন্ত্রী আরও বলেন যে বিশাল সংখ্যক যুবকেরা যোগ ব্যায়াম এবং আয়ুর্বেদকে সুস্থ থাকার মাধ্যম হিসেবে গ্রহণ করেছে। প্রধানমন্ত্রী চৈত্র নবরাত্রির সূচনায় সকলকে শুভেচ্ছা জানান। ভারতীয় নববর্ষের সূচনা উপলক্ষে প্রধানমন্ত্রী সকলকে শুভেচ্ছা জানান।

********************

**Maan ki Baat- CM, MP:**

দলীয় কর্মকর্তাদের সাথে বসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ১২০ তম মন কি বাত অনুষ্ঠান শুনলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। আজ রাজধানীর সিটি সেন্টার ব্যবসায়ী সংঘ'র উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মন্ত্রী সুধাংশু দাস সহ অন্যান্যরা। এদিকে মজলিশপুর বিধানসভা কেন্দ্রের ১০ নং বুথে এক অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠান শুনলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, সাংসদ রাজীব ভট্টাচার্য।

********************

**CM basanta utsaav:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজন্য আমল থেকে এই রাজ্যে হোলি বা বসন্ত উৎসব হয়ে আসছে। এই উৎসব পালনের মধ্য দিয়ে আমাদের কৃষ্টি সংস্কৃতি পরম্পরা ধরে রাখা খুবই প্রয়োজন। আজ আগরতলা কুমারীটিলা

বিটি কলেজ প্রাঙ্গনে রাজ্যভিত্তিক বসন্ত উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন| ত্রিপুরার রাজ পরিবারের সঙ্গে রবীন্দ্রনাথের সম্পর্কের কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন সরকার রাজ রাজাদের সম্মান জানানোর পাশাপাশি জনজাতিদের উন্নয়নে বিভিন্ন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। রাজ্যের মিশ্র সংস্কৃতি এতটাই সমৃদ্ধ তাকে আঁকড়ে ধরে আমরা গর্ববোধ করি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার রাজ্যভিত্তিক বসন্ত উৎসব কমিটির আহ্বায়ক তথা পশ্চিম জেলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল। এই উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হয়|

********************

## Dol Utsav:

কৈলাশহর মহকুমাভিত্তিক দোল উৎসব আজ স্থানীয় রবীন্দ্র শিশু কাননে অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, রাজ্যের সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জিলা পরিষদের সদস্য বিমল কর,কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ।

********************

## PM-Nagpur:

প্রধানমন্ত্রী আজ মহারাষ্ট্রের নাগপুরে মাধব নেত্রালয় প্রিমিয়াম সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন সাম্প্রতিক সময়ে দেশে AIIMS এর সংখ্যা দ্বিগুণ হয়েছে, পড়ার জন্য আসন সংখ্যা তিনগুন বৃদ্ধি পেয়েছে।

#########Byte PM-Nagpur#########

প্রধানমন্ত্রী এর আগে - দীক্ষাভূমি পরিদর্শন করে শ্রদ্ধা জানান। শ্রীমোদি নাগপুরে স্মৃতি মন্দিরও পরিদর্শন করেন এবং রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের প্রতিষ্ঠাতা ডা: কেশব হেগড়েকর এবং মাধবরাও গোলওয়াকারের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান। এই অনুষ্ঠানে R.S.S প্রধান মোহন ভাগবত, কেন্দ্রীয়মন্ত্রী নীতিন গড়কড়ি, মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ উপস্থিত ছিলেন। নাগপুরে প্রধানমন্ত্রী সোলার ডিফেন্স এন্ড এরোস্পেশ লিমিটেডের লয়টারিং মিউনিশন টেস্টিং রেঞ্জ ও রানওয়ের উদ্বোধন করেন।

এরপর প্রধানমন্ত্রী ছত্তিশগড়ের বিলাসপুর যান। সেখানে তিনি ৩৩,৭০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

********************

## Blood Donation Camp:

শ্রী সারদা সমিতির উদ্যোগে এবং রামকৃষ্ণ মিশনের সহযোগিতায় রাজধানীর গঙ্গাইল অবস্থিত রামকৃষ্ণ মিশনের প্রার্থনা গৃহে আজ এক স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মঠ ও মিশনের সম্পাদক স্বামী শুভকরানন্দ মহারাজ। শিবিরে মোট ২৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

********************

## Blood donation-Dharmanagar:

দি বেটার ওয়ার্ল্ড অর্গানাইজেশন এর উদ্যোগে ও জেলা গ্রন্থাগারের সহযোগিতায় ধর্মনগরে আজ স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। জেলা গ্রন্থাগারে আয়োজিত এই স্বেচ্ছায় রক্তদান শিবিরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন। শিবিরে ১৬ জন রক্ত দান করেন।

*******************

## Livestock Mela:

প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে আজ দক্ষিন জেলার জোলাইবাড়ি দ্বাদশ স্কুল মাঠে জাতীয় প্রাণিসম্পদ মিশনের অধীনে একদিনের প্রাণিসম্পদ মেলা অনুষ্ঠিত হয়। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া মেলার উদ্বোধন করেন। জোলাইবাড়ি ব্লক এলাকার ১২৯ জন গরু, ছাগল, হাঁস ও মোরগ পালক তাদের পালিত পশু পাখি নিয়ে মেলায় অংশগ্রহন করে।

*******************

## Rating Daba:

রাজ্য দাবা সংস্থা আয়োজিত 'চেস ফর এভরিওয়ান' ফিডে রেটিং দাবা প্রতিযোগিতায় মেহেকদ্বীপ গোপ অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছেন। ভোকলস পয়েন্টে প্রিয়াংশু শেখর সোহাইনকে পেছনে ফেলে মেহেকদ্বীপ খেতাব পান। পাঁচ দিনব্যাপী নয় রাউন্ডের ওই আসর আজ এন এস আর সি সি'র দাবা সেন্টারে শেষ হয়। এতে সাড়ে সাত পয়েন্টে শীর্ষে ছিলেন মেহেরদীপ এবং প্রিয়াংশু। শেষে ভোকলসে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হয়। ৭ পয়েন্ট নিয়ে পরের চারটি স্থান দখল করেন অগ্রজিৎ পাল, প্রাঞ্জল দেবনাথ, দিব্যজ্যোতি সরকার এবং মহিলা ক্যান্ডিডেট মাস্টার দাবাড়ু আরাধ্যা দাস। শেষে বিজয়ীদের পুরষ্কার তুলে দেয়া হয়।

*******************

## Knockout Cricket:

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেটের দুটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ আগামীকাল হবে। নরসিংগড়ের টি আই টি মাঠে সংহতি ক্লাব

খেলবে হার্ভে ক্লাবের বিরুদ্ধে এবং পুলিশ ট্রেনিং একাডেমী মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব খেলবে মৌচাক ক্লাবের বিরুদ্ধে।

********************

**T- 20 Cricket Tournament:**

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত টি- ২০ ক্রিকেট টুর্নামেন্টে আজ মুহুরীপুর জন কল্যান সমিতিকে ৮ উইকেটে পরাজিত করে জগন্নাথ পাড়া প্লে সেন্টার।

********************

********************